

নিরাপদ
কর্মপরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রশাসন ও উন্নয়ন শাখা
২৩, ২৪ কারওয়ান বাজার, বিএফডিসি ভবন, ঢাকা-১২১৫
www.dife.gov.bd

এগিয়ে যাচ্ছে
বাংলাদেশ

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৩১.০০২(১৫১-৫০০).১৭.১৪৬

তারিখ: ৪ কার্তিক ১৪২৪

১৯ অক্টোবর ২০১৭

প্রজ্ঞাপন

মো. এনামুল হক, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশালে কর্মরত আছেন। ইতোপূর্বে তিনি উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুরে কর্মরত থাকাকালীন তিনি প্রতারণার আশ্রয় নিয়ে ক্লাসিক ফ্যাশন কনসেপ্ট লিমিটেড, ৬০/০২, সাতাইশ প্রাথমিক বিদ্যালয় রোড, টঙ্গী, গাজীপুর কারখানার সংশোধিত লে-আউট প্লানে উপমহাপরিদর্শক, গাজীপুর- প্রকৌশলী ফরিদ আহম্মদ-এর স্বাক্ষর নকল করে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের স্বাক্ষর প্রদান করেছেন এবং এক্ষেত্রে তিনি দুর্নীতিপরায়ণতার আশ্রয় নিয়েছেন বলে উপমহাপরিদর্শক, গাজীপুর কর্তৃক লিখিত অভিযোগ দাখিল করা হয়।

তিনি উপমহাপরিদর্শকের কার্যালয়, কিশোরগঞ্জে কর্মরত থাকাকালীন বস কয়েল উৎপাদনকারী আরাফাত কেমিক্যালস ওয়ার্কস- কর্তৃপক্ষের নিকট থেকে অনৈতিকভাবে অর্থ গ্রহণ করেন মর্মে তার বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিল করা হয়।

মো. এনামুল হক- এর এ ধরনের আচরণ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের শামিল ও শাস্তিযোগ্য অপরাধ বিবেচনা করে অধিদপ্তরের ১১ জানুয়ারি, ২০১৭ তারিখের ৪০.০১.০০০০.১০১.৩১.৩৪০.১৬-৪৬ নং স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে আলোচ্য কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং- ০২/২০১৭ রুজু করে অভিযোগনামার জবাব দাখিলসহ ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কী না জানতে চাওয়া হয়। তিনি লিখিত জবাবে তার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ সঠিক নয় বলে দাবী করেন এবং ব্যক্তিগত শুনানির সুযোগ প্রার্থনা করেন।

৩০/০৩/২০১৭ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীর আলোকে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগনামায় আনিত অভিযোগ বিষয়ে তদন্ত আবশ্যিক প্রতীয়মান হওয়ায় অত্র অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিদর্শক জনাব মো. আনোয়ার উল্লাহ-কে আলোচ্য বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

আলোচ্য বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা তদন্তকরত: ২৬/০৯/২০১৭ তারিখে লিখিত প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদনে মো. এনামুল হক, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর বিরুদ্ধে

সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক আনিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি- মর্মে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, মো. এনামুল হক, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী আনিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায়, তাঁকে আনিত অসদাচরণের অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

০২। তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

০৩। তাঁর সাময়িক বরখাস্তকাল তাঁর কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বকেয়া বেতন-ভাতাদি (যদি থাকে) বিধি মোতাবেক প্রাপ্য হবেন।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ সামছুজ্জামান ভূইয়া

মহাপরিদর্শক

ফোন: ০২-৫৫০১৩৬২৬

ফ্যাক্স: ০২-৫৫০১৩৬২৮

ইমেইল: chiefdife@gmail.com

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৩১.০০২(১৫১-৫০০).১৭.১৪৬/১(১২)

তারিখ: ৪ কার্তিক ১৪২৪
১৯ অক্টোবর ২০১৭

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শক এর অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) যুগ্ম মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৪) যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৫) উপ মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৭) উপমহাপরিদর্শক, বরিশাল/গাজীপুর/কিশোরগঞ্জ
- ৮) উপ মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৯) উপ মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১০) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বরিশাল/গাজীপুর/কিশোরগঞ্জ

১১) সহকারী মহাপরিদর্শক (সাধারণ), হিসাব উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১২) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ)



১৯-১০-২০১৭

মোঃ সামছুজ্জামান ভূইয়া

মহাপরিদর্শক